ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৯৪
আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'অবৈধ ও নিষিদ্ধ ওষুধের ব্যবসা গোমতী জেলা হাসপাতাল চত্বরে, বাড়ছে উদ্বেগ,' এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ২৮ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের ইনস্পেক্টিং অফিসার (ড্রাগস) এর প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, এই বিষয়ে ইনস্পেক্টিং অফিসার মান্পি দেববর্মা জানিয়েছেন যে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। বর্তমানে জেলার কোনও ওষুধের দোকানে অবৈধ বা নিষিদ্ধ ওষুধ বিক্রয়ের কোনও প্রমাণ নেই। এদিকে, মেসার্স ত্রিপুরেশ্বরী মেডিকেল হল সম্পর্কে জানানো হয়েছে যে, গত ২৪ অক্টোবর ২০২৫ উক্ত মেডিকেল হল পরিদর্শনের সময় দোকান কর্তৃকক্ষ তাদের ড্রাগ লাইসেন্সের রিটেনশন কপিগুলি দেখাতে ব্যর্থ হয়। দোকানটিকে নির্দেশ দেওয়া হয় যে, লাইসেন্স পুনরুদ্ধার না হওয়া পর্যন্ত ব্যবসা বন্ধ রাখতে হবে এবং লাইসেন্স ব্যতীত ব্যবসা চালু রাখলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সতর্ক করা হয়। নির্দেশ মোতাবেক দোকানটি ইনস্পেক্টিং অফিসার (ড্রাগস) এর উপস্থিতিতে বন্ধ করা হয়। পরবর্তীতে দোকানের কর্ণধার গত ২৭ অক্টোবর, ২০২৫ ডেপুটি ড্রাগস কন্ট্রোলার অ্যান্ড লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্স সারেন্ডারের আবেদনপত্র দাখিল করেন।

*****